

# জাবিতে পোষ্য কোটা সংস্কারসহ চার দাবি

জাহাঙ্গীরনগর  
বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

০৯ ডিসেম্বর, ২০২৪  
০০:০০

শেয়ার

অ +

অ -



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) ভর্তি পরীক্ষায় পোষ্য কোটা সংস্কারসহ চার দাবিতে মানববন্ধন করেছেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। গতকাল রবিবার সকাল সাড়ে ১১টার দিকে নতুন প্রশাসনিক ভবনের সামনে গণ-অভ্যুত্থান রক্ষা আন্দোলনের ব্যানারে মানববন্ধনটি অনুষ্ঠিত হয়। শিক্ষার্থীদের অন্য দাবিগুলো হলো অভিন্ন প্রশ্নপত্রে পরীক্ষা

গ্রহণ, পরীক্ষার আবেদন ফি কমানো ও ভিসি কোটা বাতিল। ইতিহাস বিভাগের ছাত্র সংসদের সহসভাপতি (ভিপি) শাকিল আলী বলেন, ‘বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষায় ভিসি কোটা ও মুক্তিযোদ্ধা নাতি-নাতনি কোটা প্রজ্ঞাপন দিয়ে বাতিল করতে হবে এবং পোষ্য কোটার যৌক্তিক সংস্কার করতে হবে।

’ শিক্ষার্থী জিয়া উদ্দিন আয়ান বলেন, ‘বিশ্ববিদ্যালয়ের অধ্যাদেশে কোনো প্রকার ভিসি কোটার আইন নেই এবং দেশের চারটি স্বায়ত্তশাসিত বিশ্ববিদ্যালয়ের মধ্যে জাহাঙ্গীরনগর ছাড়া অন্য কোথাও অথর্ব ভিসি কোটা নেই।’ গণ-অভ্যুত্থান রক্ষা আন্দোলনের আহ্বায়ক আব্দুর রশিদ বলেন, ‘গণ-অভ্যুত্থান-পরবর্তী সময়ে যেখানে মেধাভিত্তিক ব্যবস্থা হওয়ার কথা, সেখানে বৈষম্য দূর করতে এখনো আমাদের দাঁড়াতে হচ্ছে।’